



ঘুড়ি

■ সুপর্ণা লিলিথ দাস

যেতে বলছো ? চলেই গেলাম
চিঠি পেয়েছি আসমানী নীল খামে,
উড়তে পাব বকের সাথে,
সমান্তরাল হয়ে,
আকাশ তখন সাজ পরবে
দুখে আলতা রঙে, বাধা ছেড়ে,
লাটাই ছেড়ে, উদাস উড়ে যাব
মাঞ্জা তো আর লাগায়নিকো কেউ !
সুতো আমার আবার কাটা পড়ে।
পেছন ফিরে দেখি আমি, দুটো
হাপুস নয়ন ডাকে, ফিরে আয়, ফিরে আয়
সবুজ ধানের জমিন ডাকে
ফিরে আয়, ফিরে আয়, দেব
তেপান্তর আর নেই, শুকতারারও
আলো গেছে নিভে
প্রজাপতির রঙটা গেছে চুরি,
ফুলের গন্ধ, ফলের গন্ধ মেকি,
তার চেয়ে তো উড়েই বেড়াই ভালো,
এবার কি নাম দেবে ? “সুতো কাটা ঘুড়ি !”

